ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৬৭২
আগরতলা, ১৪ মে, ২০২৫

**ন্যাশনাল মিশন অন এডিবল অয়েলস - অয়েল পাম প্রকল্পে চলতি অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জেলার ১০৫০ হেক্টর জমিতে পাম অয়েল চাষের লক্ষ্যমাত্রা**

ন্যাশনাল মিশন অন এডিবল অয়েলস - অয়েল পাম প্রকল্পে চলতি অর্থবছরে পশ্চিম ত্রিপুরা জেলার অন্তর্গত বামুটিয়া, জিরানীয়া, মান্দাই, বেলবাড়ি, মোহনপুর, হেজামারা ও লেফুঙ্গা কৃষি মহকুমায় মোট ১০৫০ হেক্টর জমিতে পাম অয়েল চাষের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এরমধ্যে বামুটিয়া কৃষি মহকুমায় ১৫০ হেক্টর, জিরানীয়া কৃষি মহকুমায় ৫০ হেক্টর, মান্দাই কৃষি মহকুমায় ১৫০ হেক্টর, বেলবাড়ি কৃষি মহকুমায় ১৫০ হেক্টর, মোহনপুর কৃষি মহকুমায় ৩০০ হেক্টর, হেজামারা কৃষি মহকুমায় ১৫০ হেক্টর ও লেফুঙ্গা মহকুমায় ১০০ হেক্টর জমিতে পাম অয়েল চাষের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। উদ্যান পালন ও ভূমি সংরক্ষণ দপ্তরের পশ্চিম জেলা উপ-অধিকর্তা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****